



আমার এলাকার হাসপাতাল নিজেই এখন রোগী: সংসদে রুমিন ফারহানা



রুমিন ফারহানা। ছবি: সংগৃহীত

ব্রাহ্মণবাড়িয়ার সরাইল উপজেলার হাসপাতালের অবস্থা নিয়ে তীব্র অসন্তোষ প্রকাশ করেছেন ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের সংসদ সদস্য রুমিন ফারহানা। তিনি বলেছেন, এলাকার একমাত্র হাসপাতালটি নিজেই যেন চিকিৎসার প্রয়োজন রয়েছে এমন অবস্থায় আছে।

বৃহস্পতিবার (১৬ এপ্রিল) সংসদে বক্তব্য দিতে গিয়ে তিনি জানান, সরাইল উপজেলার নয়টি ইউনিয়নের প্রায় সাড়ে তিন লাখ মানুষের জন্য মাত্র ৫০ শয্যার একটি হাসপাতাল রয়েছে, যা প্রয়োজনের তুলনায় একেবারেই অপ্রতুল। এই স্বাস্থ্যকেন্দ্রের সার্বিক পরিস্থিতি অত্যন্ত নাজুক বলেও উল্লেখ করেন তিনি।

রুমিন ফারহানা আরও বলেন, হাসপাতালে প্রয়োজনীয় চিকিৎসক, জনবল, ওষুধ ও আধুনিক যন্ত্রপাতির ঘাটতি দীর্ঘদিন ধরে বিদ্যমান। উন্নয়নের অংশ হিসেবে প্রায় ১০ কোটি টাকার একটি নতুন ভবন নির্মাণের পরিকল্পনা নেওয়া হলেও কাজ মাঝপথে থেমে গেছে। অভিযোগ করেন, ৫ আগস্টের পর ঠিকাদার কাজ ছেড়ে চলে যাওয়ায় প্রকল্পটি অনিশ্চয়তায় পড়ে আছে।

বর্তমানে পুরোনো দুইতলা ভবনেই সীমিত পরিসরে সেবা দেওয়া হচ্ছে। একই সঙ্গে তিনি জানান, হাসপাতালটিতে অনুমোদিত ৬৪টি পদ এখনও শূন্য রয়েছে, যা স্বাস্থ্যসেবার মানকে আরও দুর্বল করে তুলেছে।